

বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম সহ সরকারি/বেসরকারি মেরিটাইম শিক্ষা প্রতিষ্ঠানে মেরিন ক্যাডেট প্রশিক্ষণ কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি



নিম্নবর্ণিত মেরিটাইম শিক্ষা/প্রশিক্ষণ প্রতিষ্ঠানে ২০২২-২০২৩ সালে ক্যাডেট ভর্তির জন্য অনলাইনে আবেদন আহ্বান করা যাচ্ছে।

১. বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-১৪০ জন ও মহিলা-২০ জন)।
 ২. বাংলাদেশ মেরিন একাডেমি, পাবনা (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
 ৩. বাংলাদেশ মেরিন একাডেমি, বরিশাল (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
 ৪. বাংলাদেশ মেরিন একাডেমি, রংপুর (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
 ৫. বাংলাদেশ মেরিন একাডেমি, সিলেট (আসন সংখ্যা: পুরুষ-৫০ জন)।
 ৬. মেরিন ফিশারিজ একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-৬৫ জন ও মহিলা ০৫ জন)।
 ৭. ইন্টারন্যাশনাল মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ-৮০ জন)।
 ৮. ওয়েস্টার্ন মেরিটাইম একাডেমি, ঢাকা (আসন সংখ্যা: পুরুষ-৪০ জন)।
 ৯. মাস মেরিন একাডেমি, চট্টগ্রাম (আসন সংখ্যা: পুরুষ-৪০ জন)।
- বিদ্র: প্রয়োজনীয়তা বিবেচনা করে সরকার আসন সংখ্যা কম বেশি করতে পারে।

আবেদনের যোগ্যতা :

(ক) বয়স: ৩০-০৬-২০২২ ইং তারিখে সর্বোচ্চ ২২ বছর (পুরুষ/মহিলা)। আবেদনকারীদের যোগ্যতা "বাংলাদেশ নৌ-বাহিন্যিক জাহাজ অফিসার ও নাবিক প্রশিক্ষণ, সনদায়ন, নিয়োগ, কর্মদক্ষতা এবং ওয়াচকিপিং বিধিমালা, ২০১১ অনুসারে নির্ধারিত হবে অথবা সমমানের হবে।

(খ) আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতা: এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় বিজ্ঞান বিভাগে প্রথম বিভাগ অর্থাৎ ৬০% নম্বর অথবা জিপিএ ৩.৫০ প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে এবং এইচএসসি পরীক্ষায় পদার্থবিদ্যা ও গণিতসহ প্রথম বিভাগ অর্থাৎ ৬০% নম্বর বা জি.পি.এ-৩.৫০ থাকতে হবে এবং পদার্থবিদ্যা ও গণিত বিষয়ে আলাদাভাবে ৬০% নম্বর এবং ইংরেজী বিষয়ে ৫০% নম্বর প্রাপ্ত হয়ে উত্তীর্ণ হতে হবে; ইংরেজী ৫০% নম্বর বা জিপিএ ৩.০০ এর ঘাটতি থাকলে IELTS পরীক্ষায় সামগ্রিক ভাবে ৫.৫ স্কোর থাকতে হবে। ইংলিশ মিডিয়াম পাঠ্যক্রমের ক্ষেত্রে পদার্থবিদ্যা ও গণিতসহ C গ্রেডে A-Level সনদপ্রাপ্ত এবং পদার্থবিদ্যা, গণিত, ইংরেজীসহ ন্যূনতম ৫টি বিষয় নিয়ে C গ্রেডে O-Level সনদপ্রাপ্ত অথবা সমমানের হতে হবে। উচ্চতা: পুরুষ-৫' ৪" এবং মহিলা ৫' ২" ; ওজন: বিশ্ব স্বাস্থ্য সংস্থার BMI চার্ট মোতাবেক হতে হবে। (BMI ন্যূনতম ১৭ এবং সর্বোচ্চ ২৫ যেমন- ৫' ৪": ৪৫-৬৬ কেজি বা ৫' ৬": ৪৮-৭০ কেজি। দৃষ্টিশক্তি নটিক্যাল ক্যাডেটদের জন্য ৬/৬: ইঞ্জিনিয়ারিং ক্যাডেটদের জন্য ৬/১২ (চশমাসহ অবশ্যই ৬/৬ হতে হবে)। আবেদনকারীকে বাংলাদেশী নাগরিক এবং অবিবাহিত হতে হবে। তবে বিদেশী নাগরিক ভর্তির ক্ষেত্রে সরকারের সংশ্লিষ্ট নিয়মনীতি/শর্তাদি প্রযোজ্য হবে।

চূড়ান্ত নির্বাচন পদ্ধতির ধাপসমূহ :

- (ক) এস.এস.সি ও এইচ.এস.সি এর জিপিএ এবং ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে প্রার্থীকে মূল্যায়ন করা হবে। এস.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ১৫ স্তর= ৭৫ নম্বর (সর্বোচ্চ); এইচ.এস.সি/সমমান পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর ২৫ স্তর= ১২৫ নম্বর (সর্বোচ্চ); ভর্তি পরীক্ষা নৈব্যক্তিক (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর; সর্বমোট = ৩০০ নম্বর; ভর্তি পরীক্ষা: নৈব্যক্তিক (MCQ পদ্ধতি) = ১০০ নম্বর এর বিষয় ভিত্তিক নম্বর বিভাজন: পদার্থবিজ্ঞান-২৫, গণিত-২৫, বাংলা-১০, ইংরেজী-২৫ ও সাধারণ জ্ঞান-১৫)। পরীক্ষায় মোট ২০০টি প্রস্থ থাকবে।
- (খ) ভর্তি পরীক্ষায় পাশ নম্বর ৪০%।
- (গ) পরীক্ষার ফলাফল ও পছন্দের ক্রমানুসারে নির্বাচিত প্রার্থীরা নির্ধারিত প্রতিষ্ঠানে প্রাথমিক শারীরিক পরীক্ষায় অংশগ্রহণ করবে এবং প্রাথমিক শারীরিক যোগ্যতা পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরা মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করবে।

প্রশিক্ষণ :

চূড়ান্তভাবে মনোনীত ক্যাডেটগণ বিভিন্ন সরকারি ও বেসরকারি মেরিন একাডেমিতে প্রশিক্ষণ শেষে একাডেমি প্রদত্ত থ্রি-সী নটিক্যাল সাইস অথবা থ্রি-সী মেরিন ইঞ্জিনিয়ারিং এবং বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তিতে ব্যাচেলর অব মেরিটাইম সাইন্স (অনার্স) ডিগ্রী সনদপ্রাপ্ত হবেন।

অনলাইন আবেদন পদ্ধতি :

নৌপরিবহন অধিদপ্তরের ওয়েবসাইট: www.dos.gov.bd এর মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণ করা হবে। আবেদনের নির্দেশিকা বর্ণিত ওয়েবসাইটে প্রদান করা হয়েছে। প্রয়োজনে যোগাযোগ: ০১৮১০০০১১৯০।

আবেদন ও লিখিত পরীক্ষার তারিখ/সময়/কেন্দ্র:

লিখিত পরীক্ষার তারিখ/সময় কেন্দ্র পরবর্তীতে মোবাইলে এসএমএস এর মাধ্যমে জানানো হবে।

আবেদনের শেষ তারিখ:

৩১ জুলাই ২০২২ খ্রিঃ

বিশেষ নির্দেশনা :

সরকারি মেরিন একাডেমি কর্তৃক পাশকৃত সকল ক্যাডেটদের চাকরির বিষয়ে স্ব স্ব একাডেমি সকল ধরনের সহযোগিতা প্রদান করবে। বেসরকারি মেরিন একাডেমি ক্যাডেট ভর্তির ক্ষেত্রে তাদের নিজস্ব নিয়মাবলী অনুসরণ করবে। বেসরকারি মেরিন একাডেমি কর্তৃপক্ষ ক্যাডেটদের জাহাজে চাকরি দিতে বাধ্য থাকবে। বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম ও মেরিন ফিশারিজ একাডেমিতে মহিলা ক্যাডেট ভর্তির ব্যবস্থা রয়েছে।

সতর্কবাণী :

কোন ব্যক্তি ভর্তির নিশ্চয়তা দিয়ে আপনার নিকট অর্প দাবী করলে নিশ্চিত জেনে রাখুন যে আপনি প্রতারিত হচ্ছেন। যে কোন প্রকার সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।